প্রেস রিলিজ

তারিখ: ৩০ অক্টোবর ২০২৬

বাউবি এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের সার্বিক প্রস্তুতি পরিদর্শন করলেন উপাচার্য

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) উপাচার্য অধ্যাপক ড. ছিদ্দিকুর রহমান খান বাউবি পরিচালিত এইচএসসি পরীক্ষা-২০২৬-এর ফলাফল প্রকাশের সার্বিক প্রস্তুতি পর্যবেক্ষণ করেছেন। আজ শুক্রবার (৩০ অক্টোবর) দুপুরে তিনি বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা বিভাগ সরেজমিনে পরিদর্শন করেন।

পরিদর্শনকালে উপাচার্য ফলাফল প্রকাশের টেকনিক্যাল ও প্রশাসনিক প্রস্তুতি এবং পরীক্ষা বিভাগের বিভিন্ন কক্ষের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা ঘুরে দেখেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক ও আইসিটি উপদেষ্টাসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)

Main Campus: Gazipur-1705, Bangladesh, Phone: +88 02 996691119, IP: +88 09666730730, Ex. 777
e-mail: iprd@bou.ac.bd, Website: www.bou.ac.bd